# Acebid

## Aceclofenac BP

**Composition**
**Acebid Tablet:** Each film-coated tablet contains Aceclofenac BP 100 mg.

**Description**
Aceclofenac is a non-steroidal agent with anti-inflammatory and analgesic properties. Its mode of action is largely based on inhibition of prostaglandin synthesis. Acebid is a potent inhibitor of the enzyme cyclooxygenase, which is involved in the production of prostaglandins. It also stimulates cartilage matrix (glycosaminoglycans) synthesis.

**Indications and Uses**
Acebid is indicated for the relief of pain and inflammation in both acute and chronic pain like osteoarthritis, rheumatoid arthritis, ankylosing spondylitis, dental pain, post-traumatic pain, low back pain, gynaecological pain etc.

**Dosage and Administration**
**Adults:** The maximum recommended dose is 200 mg daily, taken as two separate 100 mg doses, one tablet in the morning and one in the evening.
**Children:** There is no clinical data on the use of aceclofenac in children.
**Elderly:** The pharmacokinetics of aceclofenac are not altered in elderly patients. Therefore, it is not considered necessary to modify the dose and dose frequency.
**Renal insufficiency:** There is no evidence that the dosage of aceclofenac needs to be modified in patients with mild renal impairment.
**Hepatic insufficiency:** The dose of aceclofenac should be reduced in patients with hepatic impairment. An initial daily dose of 100 mg should be administered.

**Side effects**
Generally aceclofenac is well tolerated. The majority of side effects observed have been reversible and of a minor nature and include gastrointestinal disorders (dyspepsia, abdominal pain, nausea and diarrhoea) and occasional occurance of dizziness. Dermatological side effects including pruritus and rash. Abnormal hepatic enzyme levels and raised serum creatinine have occasionally been reported.

**Contraindications**
Aceclofenac is contraindicated in patients previously sensitive to aceclofenac or aspirin or other NSAIDs. It should not be administered to patients with active or suspected peptic ulcer or gastrointestinal bleeding and moderate to severe renal impairment.

**Precautions**
Aceclofenac should be administered with caution to patients with symptoms indicative of gastrointestinal disorders, with a history of peptic ulceration, ulcerative colitis, Crohn's disease, hepatic porphyria, and coagulation disorders. Patients suffering from severe hepatic impairment must be monitored.

**Use in pregnancy & lactation Pregnancy**
**Pregnancy:** There is no information on the use of aceclofenac during pregnancy. Aceclofenac should not be administered during pregnancy, unless there are compelling reasons for doing so. The lowest effective dose should be administered.
**Lactation:** There is no information on the secretion of aceclofenac in breast milk. The use of aceclofenac should therefore be avoided during lactation unless the potential benefits to the mother outweigh the possible risks to the children.

**Drug interactions**
**Lithium and Digoxin:** Aceclofenac, like other NSAIDs, may increase plasma concentrations of lithium and digoxin.
**Diuretics:** Aceclofenac, like other NSAIDs, may inhibit the activity of diuretics.
**Anticoagulants:** Like other NSAIDs, Aceclofenac may enhance the activity of anticoagulants.
**Quinolones:** Convulsion may occur due to an interaction between quinolones and NSAIDs.
**Other NSAIDs and steroids:** Concomitant therapy with aspirin, other NSAIDs and steroids may increase the frequency of side effects.

**Overdosage**
There is no human data available on the consequences of aceclofenac overdosage. After overdosage, following therapeutic measures need to be taken: absorption should be prevented as soon as possible by means of gastric lavage and treatment with activated charcoal. Supportive and symptomatic treatment should be given for complications.

**Storage**
Store below 30°C and dry place, away from light. Keep out of the reach of children.

**Packing**
**Acebid Tablet:** Each commercial box contains 100 tablets in Alu-PVC blister pack.

Manufactured By
BEACON®
Pharmaceuticals PLC
Bhaluka, Mymensingh, Bangladesh

1300003354

# এসিবিড

এসিক্লোফেনাক বিপি

**উপাদান**

**এসিবিড ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম-কোটেড ট্যাবলেটে রয়েছে এসিক্লোফেনাক বিপি ১০০ মিগ্রা।

**বিবরণ**

এসিবিড একটি ননস্টেরয়েডাল এজেন্ট যার প্রদাহবিরোধী এবং ব্যথানাশক বৈশিষ্ট্য রয়েছে। এর কার্যকারিতার ধরণ প্রধাণত প্রোস্টাগ্ল্যান্ডিন সংশ্লেষণ বন্ধের উপর নির্ভর করে। এসিবিড সাইক্লোঅক্সিজিনেস্ এনজাইমের একটি শক্তিশালী প্রতিবন্ধক, যা প্রোস্টাগ্ল্যান্ডিনসমূহ তৈরীর সঙ্গে জড়িত। এটা তরুনাস্থির ম্যাট্রিক্স (গ্লাইকোসএমিনোগ্লাইকেনসমূহ) সংশ্লেষণেও সাহায্য করে।

**নির্দেশনা**

এসিবিড একিউট ও ক্রনিক ব্যথা ও প্রদাহ যেমন অস্টিওআর্থ্রাইটিস, রিউমাটয়েড আর্থ্রাইটিস, অ্যানকাইলোসিং স্পনডিলাইটিস, দাঁতে ব্যথা, পোস্ট-ট্রমাটিক ব্যথা, পিঠের নীচের দিকে ব্যথা, গাইনোকোলজিক্যাল ব্যথা ইত্যাদির নিরাময়ের জন্য নির্দেশিত।

**সেবনমাত্রা ও বিধি**

**প্রাপ্ত বয়স্ক:** সর্বোচ্চ মাত্রা হল দৈনিক ২০০ মিগ্রা; যা ১০০ মিগ্রা-এর ২টি বিভক্ত মাত্রায় সেব্য, ১টি ট্যাবলেট সকালে, অপরটি সন্ধ্যায়।

**শিশু:** শিশুদের ক্ষেত্রে এসিক্লোফেনাক ব্যবহারের কোন ক্লিনিক্যাল তথ্য পাওয়া যায়নি।

**বয়োবৃদ্ধ:** বয়োবৃদ্ধ রোগীদের ক্ষেত্রে এসিক্লোফেনাকের ফার্মাকোকাইনেটিকস্ পরিবর্তিত হয়না বিধায় এর মাত্রা ও মাত্রার হার পরিবর্তনের প্রয়োজন নেই।

**বৃক্কের অসমকার্যকারিতা:** বৃক্কের মৃদু অসমকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে এসিক্লোফেনাকের মাত্রা পরিবর্তনের কোন প্রমাণ নেই।

**যকৃতের অসমকার্যকারিতা:** যকৃতের অসমকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে এসিক্লোফেনাকের মাত্রা কমানো উচিত। দৈনিক প্রারম্ভিক মাত্রা ১০০ মিগ্রা সেবন করা উচিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণত এসিক্লোফেনাক সুসহনীয়। বেশীরভাগ পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ রিভারসিব্‌ল এবং মৃদু ধরনের এবং এগুলো হচ্ছে- পরিপাকতন্ত্রীয় অসুবিধাসমূহ (বদহজম, পেটে ব্যথা, বমিবমি ভাব ও ডায়রিয়া) এবং মাঝেমধ্যে মাথা ঝিমঝিম করা। ত্বকের পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ হচ্ছে রাইটাস এবং র‍্যাশ, কখনো কখনো যকৃতের এনজাইম লেভেলের অস্বাভাবিকতা এবং সিরাম ক্রিয়েটিনিন বাড়তে দেখা গেছে।

**প্রতিনির্দেশনা**

এসিক্লোফেনাক, অ্যাসপিরিন ও অন্যান্য এনএসএআইডিসমূহের প্রতি পূর্বে সংবেদনশীল ছিল, এমন রোগীদের ক্ষেত্রে এসিক্লোফেনাক প্রতিনির্দেশিত। যে সব রোগীর সক্রিয় বা সন্দেহজনক পেপটিক আলসার অথবা পরিপাকতন্ত্রীয় রক্তক্ষরণ এবং বৃক্কের মাঝারি থেকে মারাত্মক ধরনের অসমকার্যকারিতা রয়েছে, তাদের এটি সেবন করা উচিত নয়।

**সতর্কতা**

যে সব রোগীর পরিপাকতন্ত্রীয় অসুবিধার লক্ষণ, পেপটিক আলসারের ইতিহাস, কোলনের আলসারজনিত প্রদাহ, ক্রোনস্ ডিজিজ, হেপাটিক পোরফাইরিয়া ও রক্ত জমাট বাধাজনিত অসুবিধা রয়েছে তাদের এসিক্লোফেনাক সেবনে সাবধানতা অবলম্বন করা উচিত। যকৃতের মারাত্মক অসমকার্যকারিতার রোগীদের পর্যবেক্ষণে রাখতে হবে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার**

**গর্ভাবস্থায়:** গর্ভাবস্থায় এসিক্লোফেনাক ব্যবহারের কোন তথ্য পাওয়া যায়নি। একান্ত বাধ্য না হলে গর্ভাবস্থায় এসিক্লোফেনাক সেবন করা উচিত নয়। সবচেয়ে কম কার্যকরী মাত্রা সেবন করা উচিত।

**স্তন্যদানকালে:** মাতৃদুগ্ধে এসিক্লোফেনাক নিঃসরণের কোন তথ্য পাওয়া যায়নি। তাই স্তন্যদানকালে এসিক্লোফেনাকের ব্যবহার এড়িয়ে চলা উচিত, যদি না বাচ্চার ঝুঁকির চেয়ে মায়ের উপকার বেশী প্রতীয়মান হয়।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া**

**লিথিয়াম ও ডিগক্সিন:** অন্যান্য এনএসএআইডি- এর মত এসিক্লোফেনাক, লিথিয়াম ও ডিগক্সিন-এর প্লাজমা ঘনত্ব বৃদ্ধি করতে পারে।

**ডাইয়ুরেটিকসমূহ:** অন্যান্য এনএসএআইডি-এর মত এসিক্লোফেনাক, ডাইয়ুরেটিকসমূহের কার্যকারিতা কমিয়ে দিতে পারে।

**এন্টিকোয়াগুলেন্টসমূহ:** অন্যান্য এনএসএআইডি-এর মত এসিক্লোফেনাক, এন্টিকোয়াগুলেন্টসমূহের কার্যকারিতা বৃদ্ধি করতে পারে।

**কুইনোলোনসমূহ:** কুইনোলোন এবং এনএসএআইডি-এর ইন্টার‍্যাকশানের কারণে খিঁচুনী হতে পারে।

**অন্যান্য এনএসএআইডি ও স্টেরয়েডসমূহ:** অ্যাসপিরিন, অন্যান্য এনএসএআইডি এবং স্টেরয়েডসমূহের সাথে একত্রে সেবন করলে পার্শ্ব প্রতিক্রিয়ার হার বৃদ্ধি পেতে পারে।

**মাত্রাধিক্য**

মানুষের ক্ষেত্রে এসিক্লোফেনাকের মাত্রাধিক্যের কোন তথ্য পাওয়া যায়নি। মাত্রাধিক্যের পর নিম্নলিখিত চিকিৎসা পদক্ষেপ নেয়া যেতে পারে। যত তাড়াতাড়ি সম্ভব সক্রিয় চারকোল দ্বারা চিকিৎসা এবং অন্ত্র ধৌতকরণের মাধ্যমে পরিশোষণ প্রতিরোধ করা উচিত। জটিল ক্ষেত্রে সহযোগীমূলক ও সিম্পটোমেটিক চিকিৎসা দেয়া উচিত।

**সংরক্ষণ**

আলো থেকে দূরে, ৩০°সেলসিয়াস এর নিচে ও শুকনো স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**মোড়ক**

**এসিবিড ট্যাবলেটঃ** প্রতি বাণিজ্যিক মোড়কে আছে ১০০ ট্যাবলেট অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে।


প্রস্তুতকারক

**বীকন ফার্মাসিউটিক্যালস্ পিএলসি**

ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ